



## স্থানীয় নির্বাচনেও জামায়াত-এনসিপি সমঝোতার ইঙ্গিত দিলেন নাহিদ



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার ও সিটি করপোরেশন নির্বাচনেও জামায়াতের সঙ্গে এনসিপির জোট হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন দলটির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। বৃহস্পতিবার (৭ মে) রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, নির্বাচনের পরিবেশ তৈরি হলে বোঝা যাবে দলগুলো এককভাবে নাকি জোটবদ্ধভাবে ভোট করবে। তবে এনসিপি নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে। তিনি দাবি করেন, সংসদে তাদের দল দায়িত্বশীল বিরোধীদলের ভূমিকা পালন করছে এবং সংসদ অকার্যকর করার পথে যায়নি। জুলাই সনদ বাস্তবায়ন প্রসঙ্গে বিএনপির সমালোচনা করে তিনি বলেন, সংবিধান সংস্কার ও গণভোট ইস্যুতে দলটি এখনও স্পষ্ট অবস্থান দেয়নি। সংসদে সমাধান না এলে ভবিষ্যতে রাজপথে আন্দোলনেরও ইঙ্গিত দেন তিনি। চট্টগ্রাম সফরে নাহিদ ইসলাম, হাসনাত আবদুল্লাহসহ এনসিপির নেতারা বিশ্ববিদ্যালয় উপাচার্য ও চাকসু নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। পরে সাংবাদিকদের সঙ্গে ব্রিফিং করেন তারা।